

## তাই তুমি

মাটি থেকে আমি অনেক ওপরে  
বাতাসে আমার জোড়া পদক্ষেপ,  
চারপাশে শুধু আলোর আলো  
ভালোবাসা কাঁদে শুধু আক্ষেপ ।

আভাসে আড়ালে শুধু সাদা পাই  
তুমি ছিলে তাই !

দুরন্দুরে বুকে ছিল আবডাল  
ছিল লজ্জাও নারীর ডুমন,  
কাঁদাকাঁদা স্বর বইছে বাতাস  
সমমানে শূনি সে সস্তাষন ।

মুখর ভাষায় কোন কথা নাই  
তুমি ছিলে তাই !

কথায় সুরে গড়ায় সুদিন  
আজ্ঞা আমেজে ভাঙে নিরবতা,  
এলোমেলো ঝড়ে বাঁধ ভাঙা বেগে  
ভবিষ্যতের পাঠায় বারতা ।

আবেদনে সাদা শুধু দিতে চাই  
তুমি ছিলে তাই !

উত্তল বাতাস উত্তাল দিন  
কুরলক্ষেত্রে আমি একা সেনা,  
প্রতিঘাতে ভাঙে মান সম্মান  
চুকাতেই হবে সব লেনাদেনা ।

অসম্ভবের দিকে ধেয়ে যাই,  
আজ, তুমি আছ তাই !

# # # # #

**উত্তরায়ণ দেব**

৩০শে জানুয়ারি, ২০০৯/কক্ষনকন্যা এক্সপ্রেস/রাত ১২টা